সংবাদ

তারিখ · 25 MAR 2016 ······
পৃষ্ঠা ··· ৫ ··· কলাম ····· ৬ ······

# সাতক্ষীরায় স্কুল শিক্ষিকাকে শ্বাসরোধে হত্যার অভিযোগ

প্রতিনিধি, সাতক্ষীরা

বেতনের টাকা স্বামীকে না দেয়ায় নাফিজা খাতুন ময়না নামের স্কুল শিক্ষিকাকে
(২৫) শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠেছে। তিনি মোখলেছুর রহমানের স্ত্রী
ও দু'জমজ কন্যা সন্তানের জননী। বৃহস্পতিবার ভোররাতে সাতক্ষীরা সদর
উপজেলার আলীপুর গ্রামে এ ঘটনা ঘটে। পুলিশ নিহতের মরদেহ উদ্ধার করে
ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠিয়েছে।
স্থানীয় সূত্র জানায়, আলীপুর গ্রামের মোখলেছুর রহমানের স্ত্রী নাফিজা খাতুন
ময়না স্থানীয় ব্রাক পরিচালিত স্কুলে শিক্ষকতা করতেন। বুধবার তিনি তার
বেতনের জমানো ৫০ হাজার টাকা দু'মেয়ের নামে ব্যাংকে জমা রাখেন। টাকা
স্বামীকে না দিয়ে ব্যাংকে জমা রাখার অপরাধে বাড়িতে ফিরলে তার ওপর শুরু
হয় স্বামী-শ্বশুরের নির্যাতন। এমনকি তাকে পানি পান করতেও দেয়া হয়নি বলে
স্থানীয়রা অভিযোগ করেছেন। গভীর রাতে তাকে শ্বাসরোধ করে হত্যা করে শয়ন
কক্ষের সিলিং ফ্যানে ঝুলিয়ে রেখে আত্মহত্যার প্রচার দেয় স্বামী মোখলেছ। পরে
খবর পেয়ে সদর থানার এসআই নজরুল ইসলাম নিহতের মরদেহ উদ্ধার করে।
সদর থানার ওসি এমদাদ শেখ জানান, নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য সদর
হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলে প্রকৃত ঘটনা জানা
যাবে। তবে তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন আছে বলে তিনি জানান।